**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 02-01-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Book Fair:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিন ব্যাপী ৪৩তম আগরতলা বইমেলার উদ্বোধন করবেন। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার সহ অন্যান্য বিশিষ্টজনেরা। উল্লেখ্য বইমেলায় প্রতিদিন কুইজ সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পাশাপাশি, বিশ্ববিদ্যালয় স্তরে বিতর্ক, মহাবিদ্যালয় স্তরে তাৎক্ষণিক বক্তৃতা ও বিদ্যালয় স্তরের ছাত্র ছাত্রীদের জন্য কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । তাছাড়া প্রতিদিন মেলায় আসা যাওয়ার জন্য বাস পরিষেবারও ব্যবস্থা করা হয়েছে।

*********************

**PM Fasal Bima :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৫-২৬ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বীমা প্রকল্পের ধারাবাহিকতা অনুমোদন করেছে। গতকাল নতুনদিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পরে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, এই প্রকল্পের সামগ্রিক ব্যয় ৬৯ হাজার ৫১৫ কোটি টাকা বাড়ানো হয়েছে। তিনি বলেন, এই প্রকল্পের আওতায় বীমাকৃত কৃষকদের ৮৮ শতাংশ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক। মন্ত্রী বলেন, গত আট বছরে কৃষকদের এক লক্ষ ৭০ হাজার কোটি টাকার দাবি মেটানো হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রতি মেট্রিক টন তিন হাজার ৫০০ টাকায় পুষ্টি ভিত্তিক ভর্তুকির বাইরে ডি-অ্যামোনিয়াম ফসফেট, ডিএপি সারের এককালীন বিশেষ প্যাকেজ বাড়ানোর অনুমোদন দিয়েছে। কৃষকরা ডিএপির প্রতি ৫০ কিলোগ্রামের ব্যাগ এক হাজার ৩৫০ টাকায় পাবেন।

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির কৃষকদের অগ্রাধিকার দিয়ে প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়াভিত্তিক শস্য বিমা প্রকল্পগুলি রূপায়ণ করা হচ্ছে। কেন্দ্র এক্ষেত্রে ভর্তুকির ৯০ শতাংশ বহন করছে। তহবিলের অর্থ যাতে ফেরত না চলে আসে, সেজন্য অন্য উন্নয়নমূলক প্রকল্পেও এই অর্থ খরচ করা যাবে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল  বলেছেন, সরকার কৃষকদের জন্য বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প প্রসারিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় তিনি বলেন, আমাদের কৃষক ভাই ও বোনেদের কঠোর পরিশ্রমের ফলে দেশবাসীর অন্ন সংস্থান হচ্ছে।

*************************

**Assembly Session :**

আগামী ১০ই জানুয়ারী থেকে অনুষ্ঠেয় রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন উপলক্ষ্যে গতকাল  বিধানসভায় অধক্ষ্য বিশ্ববন্ধু সেনের পৌরোহিত্যে বিএসি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে অধিবেশনের বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। বৈঠক শেষে পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান এইবারের অধিবেশন মোট তিনদিন ১০, ১৩ এবং ১৫ই জানুয়ারী অনুষ্ঠিত হবে। অধিবেশন শুরু হবে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষণের মধ্য দিয়ে। তিনি আরো  জানান, অধিবেশনে বেশ কিছু বিল পেশ করা হবে।

*****************

**ONOS :**

সরকার গতকাল থেকে "ওয়ান নেশন, ওয়ান সাবস্ক্রিপশন" প্রকল্প চালু করেছে। এই উদ্যোগের লক্ষ্য হল, একটি সিঙ্গল সাবস্ক্রিপশন প্ল্যাটফর্মের অধীনে গবেষণাপত্র, জার্নাল এবং একাডেমিক বিষয়বস্তু সহ, বিস্তৃত ডিজিটাল জ্ঞান সম্পদের বিরামহীন প্রাপ্যতা প্রদান করা। এই উদ্যোগটি, সারা দেশে ছাত্র, গবেষক এবং প্রতিষ্ঠানগুলিকে উপকৃত করবে বলে আশা করা হচ্ছে।

**********************

**CM Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা গতকাল 'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচিতে আসা জনগণের অভাব অভিযোগের কথা শোনেন। কর্মসূচির ৩৭তম পর্বে গতকাল বেশীর ভাগই চিকিৎসায় সহায়তার আর্জি নিয়ে এসেছিলেন। মুখ্যমন্ত্রী চিকিৎসায় সহায়তার আবেদন নিয়ে আসা ৩ জনকে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল থেকে ৭০ হাজার টাকার আর্থিক সহায়তা মঞ্জুর করেছেন। কর্মসূচিতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শঙ্কর চক্রবর্তী প্রমুখ।

*****************

**Electoral Roll :**

নির্বাচন কমিশনের নির্ধারিত নির্ঘণ্ট অনুযায়ী রাজ্যের ষাটটি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা আগামী ছয় জানুয়ারি প্রকাশ করা হবে। ঊনকোটি জেলাতেও ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর পর চূড়ান্ত তালিকা প্রকাশের প্রস্তুতি চলছে। গতকাল কৈলাশহরে জেলা শাসক কার্যালয়ে নির্বাচন নিবন্ধন আধিকারিকগণ সহ বিভিন্ন স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়।বৈঠকে নির্ভুল ও

ত্রুটিমুক্ত চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

*******************

**Sushanta Choudhury:**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল উজ্জয়ন্ত প্রাসাদ পরিসরে এক অনুষ্ঠানে পর্যটকদের জন্য ১৬ আসনের দুটি বাস ও  ১০ টি প্যাডেল বোটের সূচনা করেছেন। এই প্যাডেল বোট গুলি রাজবাড়ীর দীঘিতে চলবে।  শ্রী চৌধুরী জানান, আগামী দু'বছরের মধ্যে রাজ্যের পর্যটনকে একটি বিশেষ উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্য নিয়ে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে। তিনি জানান, এই বাস দিয়ে পর্যটকদের  রাজ্যের দর্শনীয় স্থানগুলি পরিদর্শন করানো হবে।

*********************

**Malaria :**

রাজ্যের ম্যালেরিয়া কার্যক্রম আধিকারিক ডাক্তার অভিজিৎ দাস জানিয়েছেন গত বছর জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে ম্যালেরিয়া আক্রান্ত রোগীর সংখ্যা ৯ হাজার ৭৭০, যা ২০২৩ সাল থেকে অনেক কম। আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়ে তিনি বলেন ২০২৩ সালে আক্রান্তের সংখ্যা ছিল ২২,৪১২। তিনি আরো বলেন রাজ্যে ম্যালেরিয়া প্রবণ এলাকাগুলিতে গত ১ বছরে ৯ লক্ষ পঁচিশ হাজার ১৮৫টি ওষুধ যুক্ত মশারি বন্টন করা হয়েছে। এছাড়া স্বাস্থ্য দপ্তর আক্রান্ত এলাকাগুলিতে প্রতিনিয়ত স্বাস্থ্য শিবির জারি রেখেছে। যার ফলে ম্যালেরিয়া চিহ্নিতকরণের কাজ দ্রুত করা সম্ভব হচ্ছে। তিনি আরো জানিয়েছেন রাজ্যে গত বছর ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ছিল ১১৯৮ জন।

*******************

**Agricultural machinery :**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল জোলাইবাড়ি ব্লকে ৫৫টি মিনি ট্রাকক্টর ও ৭৬টি স্প্রে মেশিন কৃষকদের প্রদান করা হয়। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জোলাইবাড়ি ব্লকের বিডিও মানস ভট্টাচার্য প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে সমবায় মন্ত্রী বলেন, রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুন করার লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করে চলেছে।

******************

**Blood Donation :**

ভারতীয় জনতা যুব মোর্চার চন্ডীপুর মন্ডল কমিটির উদ্যোগে গতকাল কৈলাশহর প্রেস ক্লাবে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী টিংকু রায়। শিবিরে ১৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************

**Weather :**

আকাশ প্রধানত: পরিস্কার থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে আগরতলা বিমানবন্দরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৫ ডিগ্রী সেলসিয়াস।

***************************

**********